অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/10/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

2021 স্টেট অব দ্য স্টেটের অংশ হিসাবে সকলের জন্য টেলিহেলথে অ্যাক্সেস দেওয়ার প্রস্তাব ঘোষণা করেছেন গভর্নর কুওমো।

স্বাস্থ্য সেবা প্রদানে উন্নয়নের পথ তৈরি করতে সামগ্রিক সংস্কারের পরামর্শ দিয়েছে রিইমাজিন নিউ ইয়র্ক কমিশন

বঞ্চিত এবং গ্রামীণ কমিউনিটিতে মাদকের ব্যবহার ও মানসিক স্বাস্থ্য সহ উচ্চমানের স্বাস্থ্য সেবার জন্য সহজে অ্যাক্সেস এবং নিয়মাবলীকে উন্নত করার প্রস্তাব দেওয়া হয়েছে

2021 স্টেট অব দ্য স্টেটের অংশ হিসাবে সকলের জন্য টেলিহেলথে অ্যাক্সেস উন্নত এবং বৃদ্ধির জন্য গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ আইন প্রণয়নের কথা ঘোষণা করেছেন। COVID-19 মহামারি আমাদের স্বাস্থ্য সেবা ব্যবস্থার ত্রুটিগুলি প্রকাশ্যে নিয়ে এসেছে এবং দেখিয়ে দিয়েছে যে বিশেষত আচরণগত স্বাস্থ্য সেবার ক্ষেত্রে, কম আয় করা কমিউনিটির জন্য অ্যাক্সেস বৃদ্ধি এবং খরচ কমাতে টেলিহেলথ একটি গুরুত্বপূর্ণ টুল। সঙ্কটের সময়, রিমোট কেয়ারে অ্যাক্সেসের জন্য গভর্নর এগজিকিউটিভ অ্যাকশন নিয়েছেন এবং সেই সফল সংস্কারের উপর নির্ভর করে এই প্রস্তাবগুলি বাস্তব রূপ পেতে চলেছে।

টেলিহেলথ টুলের ফায়দা নিতে এবং বিদ্যমান সমস্যাগুলির মোকাবিলায় রিইমাজিন নিউ ইয়র্ক কমিশন (Reimagine New York Commission)-এর সাথে অংশীদারিত্বে গভর্নর সর্বাঙ্গীন টেলিহেলথ সংস্কার কার্যকর করবেন। এই সংস্কারগুলি টেলিহেলথকে উৎসাহিত করতে রিইমবার্সমেন্ট ইনসেন্টিভ সমন্বয় করা, টেলিহেলথ ডেলিভারিতে পুরনো নিয়ন্ত্রণমূলক নিষেধাজ্ঞা দূর করা, পুরনো অবস্থানের প্রয়োজনীয়তা অপসারণ, প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে রোগী এবং সরবরাহকারী উভয় পক্ষের মধ্যে প্রযুক্তিগত অস্বস্তি দূর করা এবং অন্যান্য প্রোগ্রাম প্রতিষ্ঠার মত গুরুত্বপূর্ণ বিষয়গুলির মোকাবিলা করবে।

"যখন নিউ ইয়র্ক স্টেট তার বাসিন্দাদের জন্য টেলিহেলথের প্রচারের অত্যন্ত সক্রিয়, তখন রোগী এবং সরবরাহকারী উভয়ের টেলিস্বাস্থ্য অবলম্বন ধীর গতিতে চলছে।" **গভর্নর কুওমো বলেন।** "COVID-19 শুধু আমাদের জীবনযাত্রাই নয়, স্বাস্থ্যসেবা প্রদানকারীরা যেভাবে তাদের রোগীদের সহায়তা করে, বিশেষ করে মানসিক স্বাস্থ্যের ক্ষেত্রে, তা বদলে দিয়েছে। সমগ্র 2020-তে নিউ ইয়র্কবাসীরা এটি গ্রহণ করেছেন তবে এখন নিউ ইয়র্কে টেলিহেলথকে পরবর্তী স্তরে নিয়ে যাওয়ার এবং আমাদের বিদ্যমান স্বাস্থ্য ব্যবস্থায় সম্পূর্ণভাবে এটি অন্তর্ভুক্ত করার সময় এসেছে। একবিংশ

শতাব্দীর জন্য আমাদের স্বাস্থ্যসেবা এবং প্রযুক্তিগত রিসোর্সগুলির সুষ্ঠু বন্টনে এই প্রস্তাবগুলি সহায়তা করবে।"

গভর্নর কুওমো COVID-19 যুগের উদ্ভাবনগুলি স্থায়ীভাবে গ্রহণ করার জন্য ব্যাপক সংস্কারের প্রস্তাব দিয়েছেন, যা শারীরিক, মানসিক স্বাস্থ্য এবং মাদক ব্যবহারের অ্যাক্সেস প্রসারিত করেছে, এর মধ্যে রয়েছে:

নীতি আধুনিকীকরণের মাধ্যমে টেলিহেলথের সুবিধা আনলক করা

গভর্নরের প্রস্তাবে নিম্নোক্ত নিয়ন্ত্রণমূলক এবং বিধিবদ্ধ পরিবর্তন অন্তর্ভুক্ত করা হয়েছে, যাতে রোগীরা টেলিহেলথ ব্যবহারের সময় উচ্চ মানের যত্ন নেওয়ার তত্ত্বাবধান বজায় রাখতে পারেন:

- রোগী বা সরবরাহকারী একটি নন-ফেসিলিটি সেটিংয়ে যেখানেই থাকুক না কেন, রোগীদের দেওয়া সেবার জন্য টেলিহেলথ রিইমবার্সমেন্ট অফার করতে Medicaid (মেডিকেইড)-এর অপ্রচলিত লোকেশনের প্রয়োজনীয়তা অপসারণ;
- মেডিকেল এবং আচরণগত স্বাস্থ্য পেশাদারদের পর্যাপ্ত অ্যাক্সেস নিশ্চিত করতে ঐতিহাসিক অ্যাক্সেস ঘাটতি সহ বিশেষজ্ঞদের জন্য উত্তর পূর্বাঞ্চলে স্টেট পারস্পরিক ইন্টারস্টেট লাইসেন্সিং তৈরি করা; এবং
- মাদক অপব্যবহার এবং মানসিক স্বাস্থ্য সেবা ডেলিভার করতে ক্রিডেনশিয়ালাইজড অ্যালকোহলিজম এবং মাদক অপব্যবহার কাউন্সেলর ট্রেনি বা পিয়ার স্পেশালিস্টের মতো কিছু লাইসেন্সবিহীন কর্মচারীকে মানসিক স্বাস্থ্য এবং মাদক অপব্যবহারের জন্য COVID-যুগের নমনীয়তা চালু রাখা। এর মধ্যে রয়েছে টেলিহেলথ সেবা প্রদানের আগে অবশিষ্ট ইন-পার্সন মূল্যায়নের প্রয়োজনীয়তা দূর করা, দূরবর্তী সেবা প্রদান করা কর্মীদের ধরন প্রসারিত করা, একটি প্রধানত ভার্চুয়াল আউটপেশেন্ট মাদক অপব্যবহারের চিকিৎসা প্রোগ্রামের জন্য একটি নিয়ন্ত্রণমূলক কাঠামো উন্নয়ন এবং বিদ্যমান উদ্যোগের সম্প্রসারণ অন্বেষণ। এর মধ্যে থাকবে সকল মানসিক স্বাস্থ্য এবং মাদক অপব্যবহার সরবরাহকারীর রিইমবার্সমেন্ট সহ সার্টিফায়েড রিকভারি পিয়ার অ্যাডভোকেট, যাতে রোগী এবং সরবরাহকারীরা তাদের চাহিদার সাথে মানানসই কেয়ার সেটিং বেছে নিতে পারে।

টেলিহেলথের জন্য কভারেজ এবং ক্ষতিপূরণ নিশ্চিত করা

COVID-19 মহামারির সময় অভাবগ্রস্তদের গুণগত মানের যত্ন প্রদানে টেলিহেলথ একটি অপরিহার্য ভূমিকা পালন করেছে। সঙ্কটের সময় আমরা যা শিখেছি তার উপর গড়ে তুলতে, গভর্নরের প্রস্তাব হবে:

- বাণিজ্যিক স্বাস্থ্য বীমাকারীদের তরফ থেকে সদস্যদের একটি টেলিহেলথ প্রোগ্রাম প্রদান করতে হবে এবং যুক্তরাষ্ট্রীয় অনুমোদন সাপেক্ষে মেডিকেইড কভারেজ প্রদান করতে হবে;

- নিশ্চিত করতে হবে যে টেলিহেলথকে সেই রেটে ইনসেন্টিভাইজ করতে হবে, যখন চিকিৎসাগতভাবে যথাযথ হবে; এবং
- প্রোভাইডারদের লিখিতভাবে অথবা তাদের ওয়েবসাইটের মাধ্যমে রোগীদের জানাতে হবে যে তারা টেলিহেলথ সেবা প্রদান করে কিনা। বীমাকারীকে তাদের সরবরাহকারী ডিরেক্টরিতে আপ-টু-ডেট তথ্য প্রদান করতে হবে, যার সম্পর্কে সরবরাহকারীরা টেলিহেলথ সেবা প্রদান করে। একটি বাধ্যতামূলক টেলিহেলথ প্রোগ্রামের অংশ হিসেবে প্রস্তাবিত যে কোন টেলিহেলথ প্ল্যাটফর্মকে নিউ ইয়র্কের জন্য স্টেট ব্যাপী স্বাস্থ্য তথ্য নেটওয়ার্ক (Statewide Health Information Network)-এ অংশগ্রহণ করতে হবে, অন্যথায় বীমাকারীর সরবরাহকারী নেটওয়ার্কে অন্যান্য সরবরাহকারীদের সাথে ইন্টারঅপেরাবিলিটি প্রদর্শন করতে হবে।

স্বাস্থ্য সেবায় প্রযুক্তিগত অগ্রগতির ব্যবহার সম্প্রসারণ

গভর্নরের প্রস্তাবে রোগীদের জন্য উন্নত মানের এবং আরও দক্ষ যত্ন নিশ্চিত করতে প্রযুক্তিতে উদ্ভাবন গ্রহণের সুবিধা প্রদান করবে:

- বীমাকারীরা সদস্যদের একটি ই-ট্রায়াজ বা ভার্চুয়াল জরুরি বিভাগের প্ল্যাটফর্ম প্রদান করতে পারে যা ব্যক্তিকে একটি লক্ষণ মূল্যায়ন এবং একটি নেটওয়ার্ক সরবরাহকারী বা নিকটবর্তী জরুরি বিভাগের নেটওয়ার্কে রেফার করতে সক্ষম করে, নিউ ইয়র্কবাসীদের, বিশেষ করে অনগ্রসর এলাকায়;
- টেলিহেলথের মাধ্যমে সরবরাহকারীদের মধ্যে বিশেষজ্ঞ পরামর্শ ব্যবহারের মাধ্যমে বীমাকারীকে সরাসরি ই-কনসাল্টে যুক্ত হওয়ার জন্য সরাসরি অর্থ প্রদান করতে উৎসাহিত করা অথবা স্বাস্থ্য সেবা খরচের মধ্যে ই-কনসাল্ট প্ল্যাটফর্মের সাথে সংশ্লিষ্ট বীমাকারীর খরচ অন্তর্ভুক্ত করার অনুমতি দেওয়া। ই-কনসাল্টের বর্ধিত ব্যবহার প্রাথমিক যত্ন প্রদানকারীদের সঠিক চিকিৎসা সিদ্ধান্ত নিতে এবং রোগীদের অপ্রয়োজনীয় এবং ব্যয়বহুল যত্ন এড়াতে সাহায্য করবে; এবং
- স্বাস্থ্য সেবা প্রদানকারীদের মধ্যে ইন্টারঅপেরাবিলিটি এবং রেকর্ড প্রবেশাধিকার বৃদ্ধির জন্য SHIN-NY রোগীর সম্মতি প্রক্রিয়া নিয়ন্ত্রণ করা।

পেশাদারী উন্নয়ন, শিক্ষা, এবং উদ্ভাবনী সহায়তা প্রোগ্রামের মাধ্যমে রোগী এবং সরবরাহকারীদের সহায়তা করা

যদিও নিয়ন্ত্রণমূলক নমনীয়তা অনেক নিউ ইয়র্কবাসীদের জন্য পরিষেবায় অ্যাক্সেস বৃদ্ধি করেছে, টেলিহেলথ অনেকের জন্য নতুন এবং শিক্ষা এবং প্রচারের প্রয়োজন মানুষকে তাদের বাড়ি থেকে একটি সরবরাহকারীর সাথে সংযোগ পেতে সাহায্য করার জন্য, অন্যদিকে সরবরাহকারীরা এছাড়াও শিখছে কিভাবে সবচেয়ে কার্যকরভাবে এই প্রযুক্তি ব্যবহার করতে হয়। রিইমাজিন নিউ ইয়র্ক কমিশন এবং স্বাস্থ্য বিভাগের সহায়তায় রোগী এবং সরবরাহকারীদের দ্বারা টেলিহেলথ সফলভাবে গ্রহণ নিশ্চিত করতে ইতোমধ্যে দুটি উদ্যোগ নেওয়া হয়েছে:

- SUNY স্টোনি ব্রুক এবং নর্থ-ইস্ট টেলিহেলথ রিসোর্স সেন্টার (Northeast Telehealth Resource Center)-এর যৌথ উদ্যোগে, রিইমাজিন নিউ ইয়র্ক কমিশন-এর নেতৃত্বে এবং ওয়েল কর্নেল মেডিসিন (Weill Cornell Medicine), সিটি ব্লক হেলথ (Cityblock Health) এবং অতিরিক্ত উপদেষ্টাদের সহায়তায় একটি নতুন টেলিহেলথ প্রশিক্ষণ কর্মসূচি তৈরি করা হয়েছে। একটি উন্মুক্ত প্রবেশাধিকার ডিজাইন করা, টেলিহেলথের উপর পেশাদারী শিক্ষা পাঠ্যক্রম অব্যাহত রাখা সরবরাহকারীদের উচ্চ মানের যত্ন প্রদানে সাহায্য করবে - বিশেষ করে যখন নিউ ইয়র্ক স্টেট এই সব সরঞ্জামের পথ প্রশস্ত করছে; এবং
- স্মিট ফিউচার (Schmidt Futures) এবং রিইমাজিন নিউ ইয়র্ক কমিশন-এর তত্ত্বাবধানে AIRnyc ও মাউন্ট সেনাই হেলথ পার্টনার (Mt. Sinai Health Partners) দ্বারা পরিচালিত একটি উদ্ভাবনীমূলক টেলিহেলথ সহায়ক প্রোগ্রামের পাইলট। এই প্রোগ্রামের উদ্দেশ্য হচ্ছে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য টেলিহেলথ সরঞ্জামের সাথে স্বাচ্ছন্দ্য এবং অ্যাক্সেস উন্নত করা, যার মধ্যে রয়েছে গ্রহণ এবং অনবোর্ডিং প্রক্রিয়ার জন্য সক্রিয় সহযোগিতা। রোগীদের অস্বস্তি এবং প্রযুক্তিতে অক্সেসের অভাব একটি বাধা এবং কীভাবে নিউ ইয়র্ক টেলিহেলথ ব্যবহার শিখতে এবং ভবিষ্যৎ সম্প্রসারণের ভিত্তি স্থাপন করতে পারে, তা জানতে এই প্রোগ্রাম সাহায্য করবে।

স্মিট ফিউচার-এর সহ-প্রতিষ্ঠাতা এবং রিইমাজিন নিউ ইয়র্ক কমিশন এরিক স্মিডট (Eric Schmidt) বলেন, "টেলিহেলথের প্রচার একটি পরিষ্কার উদাহরণ যে কীভাবে নিউ ইয়র্ক আরো ভালোভাবে গড়ে উঠতে পারে। এই মহামারি দূরবর্তী যত্নের কার্যকারিতা এবং সুবিধার জন্য নিউ ইয়র্কবাসীদের চোখ খুলে দিয়েছে। কমিশন সুপারিশ পেশ করছে যে টেলিহেলথ সম্প্রসারণকে শুধু মজবুত করাই নয়, অনেক নিউ ইয়র্কবাসী গত বছর থেকে এতে উপকৃত হয়েছেন, একই সাথে ভবিষ্যতে আরও এক ধাপ এগিয়ে যেতে হবে, যাতে টেলিহেলথ আমাদের সবার উপকার করতে পারে। টেলিহেলথ নীতির এই ব্যাপক সংস্কার, বেশ কিছু উদ্ভাবনী নতুন কর্মসূচি ছাড়াও, পরিস্থিতি যাই হোক না কেন, তাদের শারীরিক এবং মানসিক স্বাস্থ্য সেবা পাওয়ার জন্য প্রয়োজনীয় সহায়তা এবং সম্পদ আছে তা নিশ্চিত করবে।"

সিটিব্লক হেলথের মুখ্য স্বাস্থ্য কর্মকর্তা এবং রিইমাজিন নিউ ইয়র্ক কমিশন টেলিহেলথ ওয়ার্কিং গ্রুপের কো-চেয়ারম্যান ড. টয়ন অজয়ই (Dr. Toyin Ajayi) বলেন, "COVID-19 মহামারির আগে টেলিহেলথ ঐতিহ্যগতভাবে অনগ্রসর সম্প্রদায়ের জন্য উচ্চ মানের স্বাস্থ্যসেবা সম্প্রসারণের সম্ভাবনা দেখিয়েছে। এবং মহামারির শুরু থেকে, লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসী প্রথমে টেলিহেলথের গুণগত মান এবং সুবিধাজনক যত্ন প্রদানের ক্ষমতা অনুভব করেছে। যেহেতু আমরা আরো ভালোভাবে গড়ে উঠছি, আমাদের একটা সুযোগ আছে যাতে সকল নিউ ইয়র্কবাসীকে টেলিহেলথে অংশগ্রহণ করার ক্ষমতা দেওয়া হয়। এটি করলে নিউ ইয়র্কবাসী তাদের প্রাপ্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে এক ধাপ এগিয়ে যাবেন।"

কর্নেল বিশ্ববিদ্যালয়ের (Cornell University) প্রেসিডেন্ট এবং রিইমাজিন নিউ ইয়র্ক কমিশন টেলিহেলথ ওয়ার্কিং গ্রুপের কো-চেয়ারম্যান মার্থা পোলাক (Martha Pollack) বলেন, "মহামারির

সময় নিউ ইয়র্কবাসীদের টেলিহেলথের ব্যবহার বেড়েছে এবং রোগী ও চিকিৎসকরা সমানভাবে এর ক্ষমতার প্রমাণ দেখেছেন। নিউ ইয়র্কবাসীরা যেভাবে স্বাস্থ্যসেবা অ্যাক্সেসের মাধ্যমে তা পরিবর্তন করেছেন, তাতে আগামীতে আমরা টেলিহেলথের সম্ভাবনা বৃদ্ধি করতে পারি। এটি ব্যাপক নীতি পরিবর্তন দিয়ে শুরু হয়, যা সরবরাহকারী এবং রোগীদের টেলিহেলথ ব্যবহারের বৃহত্তর নমনীয়তা প্রদান করে, কারণ তারা এটি যথাযথ মনে করেন। আমাদের এটি অবশ্যই নিশ্চিত করতে হবে যে মানুষের অপরিহার্য্য সহায়তার সাথে টেলিহেলথ অবকাঠামোয় নতুন বিনিয়োগের মাধ্যমে, যেসমস্ত নিউ ইয়র্কবাসী প্রকৃত গরীব, স্বাস্থ্য সেবায় তাদের আরো অ্যাক্সেস দেওয়া।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন